# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - বিষয় সংশ্লিষ্ট যিকর ও দু'আ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

ব্যর্থতার যিকর

যিকর নং ১৭২ : ব্যর্থতার যিকর

قدر الله وما شاء فعل

উচ্চারণঃ ক্বাদারুল্লা-হি ওয়ামা- শা-আ ফা'আলা।

অর্থঃ আল্লাহর নির্ধারণ এবং আল্লাহর যা ইচ্ছা করেছেন তাই করেছেন।

আবু হুরাইরা (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন, "শক্তিশালী মুমিন আল্লাহর নিকট দুর্বল মুমিনের চেয়ে বেশি প্রিয় ও বেশি ভালো, যদিও সকল মুমিনের মধ্যেই ভালো রয়েছে। তোমার জন্য কল্যাণকর বিষয় অর্জনের জন্য তুমি ঐকান্তিক আগ্রহ ও সুদৃঢ় ইচ্ছা নিয়ে চেষ্টা করবে এবং আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা করবে। কখনোই দুর্বল হবে না বা হতাশ হবে না। যদি তুমি কোনো সমস্যায় নিপতিত হও (তুমি ব্যর্থ হও বা তোমার প্রচেষ্টার আশানুরূপ ফল না পাও) তাহলে কখনই বলবে না যে, যদি আমি ঐ কাজটি করতাম! যদি আমি অমুক তমুক কাজ করতাম। বরং বলবে: (উপরের বাক্যটি); কারণ, অতীতের আফসোস মূলক (যদি করতাম) ধরনের বাক্যগুলি শয়তানের কর্মের পথ খুলে দেয়।"[1]

মুমিন কখনো দুর্বল, আশাহত, হতাশ হন না। ব্যর্থতার জন্য তিনি হাহুতাশ না করে আল্লাহর উপর পরিপূর্ণ সমর্পণ ও আস্থা নিয়ে পূর্ণোদ্যমে সামনে এগিয়ে চলেন। আল্লাহ তা'লা আমাদেরকে দেহ, মন, ঈমান ও কর্ম সকল বিষয়ে শক্তিশালী মুমিন হওয়ার তাওফীক দান করেন ; আমীন!

## ফুটনোট

[1] সহীহ মুসলিম ৪/২০৫২, নং ২৬৬৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8841

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন